# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১৩৭

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৮. নেশা সৃষ্টিকারী দ্রব্য সম্পর্কে যা বলা হয়েছে

بَاب مَا قِيلَ فِي الْمُسْكِرِ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ أَبِي بُرْدَةَ بْنِ أَبِي مُوسَى عَنْ أَبِيهِ قَالَ بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَمُعَاذَ بْنَ جَبَلٍ إِلَى الْيَمَنِ فَقَالَ اشْرَبُوا وَلَا تَشْرَبُوا مُسْكِرًا فَإِنَّ كُلَّ مُسْكِرٍ حَرَامٌ

### বাংলা

২১৩৭. বুরদাহ ইবনু আবী মূসা তার পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ও মুয়ায ইবনু জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু কে ইয়ামানে পাঠালেন। তখন বললেন: “তোমরা পান করবে, তবে কোনো নেশা উদ্রেককারী দ্রব্য পান করবে না। কেননা, প্রত্যেক নেশা উদ্রেককারী দ্রব্যই হারাম।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, জিহাদ ৩০৩৮, মাগাযী ৪৩৪৩; মুসলিম, আশরিবাহ ১৭৩৩, জিহাদ ১৩৭৭।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭২৩৯; সহীহ ইবনু হিব্বান নং ৫৩৭৩, ৫৩৭৬, ৫৩৭৭ তে। আরও দেখুন, মানহাতুল মা’বূদ নং ১৭২৪, ১৭২৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82420

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন